# স্মার্টফোন বাজারে স্বস্তি আনতে আমদানি কর কমাল সরকার



সংগৃহীত ছবি

মোবাইল ফোন আমদানিতে মোট করহার উল্লেখযোগ্যভাবে কমিয়েছে সরকার। আগে যেখানে করের পরিমাণ ছিল ৬১ শতাংশ, সেখানে তা কমিয়ে ৪৩ দশমিক ৪ শতাংশ নির্ধারণ করা হয়েছে। স্মার্টফোন বাজারে স্থিতিশীলতা ফিরিয়ে আনা এবং অবৈধভাবে আমদানি করা হ্যান্ডসেট নিয়ন্ত্রণের লক্ষ্যেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

একইসঙ্গে দেশের মোবাইল ফোন সংযোজন ও অ্যাসেম্বল শিল্পকে আরও গতিশীল করতে স্থানীয় পর্যায়ে ব্যবহৃত আমদানিকৃত যন্ত্রাংশের ওপর শুল্ক কমানো হয়েছে। এ ক্ষেত্রে শুল্কহার ১০ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ নির্ধারণ করা হয়েছে।

বৃহস্পতিবার (১ জানুয়ারি) বিকেলে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেন, সরকারের এই পদক্ষেপের ফলে দেশে মোবাইল ফোন শিল্পের পরিসর আরও বিস্তৃত হবে বলে আশা করা হচ্ছে।

শফিকুল আলম আরও জানান, বিদেশ থেকে বিপুল পরিমাণ ব্যবহৃত মোবাইল ফোন দেশে এনে আংশিক সংস্কার করে বিক্রি করা হয়, যা ভোক্তাদের জন্য ক্ষতিকর এবং সরকারের রাজস্ব ক্ষতির কারণ। নতুন সিদ্ধান্তের ফলে দেশীয়ভাবে উৎপাদিত মোবাইল ফোনের চাহিদা বাড়বে, পাশাপাশি হ্যান্ডসেটের দামও সাধারণ মানুষের নাগালে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

LENS ASIA